

(প্রেস বিজ্ঞপ্তি)

১ আগস্ট'২০২৩খ্রি.

### শোকাবহ আগস্টে ২০ হাজার গাছ লাগাবেন চট্টগ্রামের মেয়র

শোকাবহ আগস্ট উপলক্ষে মাসব্যাপি বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার লালদিঘী পার্কে কর্মসূচির উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে মেয়র রেজাউল বলেন, শোকের মাস আগস্টকে স্মরণীয় করে রাখতে আমি চসিকের নগর পরিকল্পনা বিভাগের মাধ্যমে ২০ হাজার গাছ লাগানোর পরিকল্পনা হাতে নিয়েছি। গাছগুলি প্রতিটি ওয়ার্ডের কাউন্সিলরদের মাধ্যমে নাগরিকদের কাছে পৌঁছে যাবে। বনজ, ফলজ ও ঔষধি গাছগুলি বিনামূল্যে পাবেন নগরবাসী। গাছগুলি বড় হলে ফল দেবে, ছায়া দেবে, স্মরণ করিয়ে দিবে বাঙালি জাতির বটবৃক্ষ বঙ্গবন্ধুকে।

৩২ নং আন্দরকিল্লা ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারীর তত্ত্বাবধানে কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর হাজী নুরুল হক, হাসান মুরাদ বিপ্লব, শাহেদ ইকবাল বাবু, আবদুস সালাম মাসুম, পুলক খান্টা, রুমকি সেনগুপ্ত, উপ সচিব আশেক রসুল টিপু, নগর পরিকল্পনাবিদ আবদুল্লাহ আল ওমর, বস্তি উন্নয়ন কর্মকর্তা মইনুল হোসেন আলী চৌধুরী।

### এডিস মশার লার্ভা পাওয়ায় ৬ ভবনমালিককে জরিমানা চসিকের

এডিস মশার লার্ভা পাওয়ায় ছয়টি ভবনের মালিককে ৮৫ হাজার টাকা জরিমানা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মঙ্গলবার নগরীর পাঁচলাইশ আবাসিক এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করেন চসিকের শিক্ষা কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমা। অভিযানে মশা নিধন কার্যক্রম পরিচালনা করেন চসিক মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

অভিযানে নির্মাণাধীন ভবনের নীচে, ফুলের টব, ড্রাম ও ছাদে জমে থাকা পানিতে মশার লার্ভা থাকায় ৬ ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৮৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এসময় এডিস মশা প্রতিরোধে জনসচেতনতামূলক মাইকিং ও লিফলেট বিতরণের পাশাপাশি মশা নিধনে ঔষধ স্প্রে করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮